

# **■■** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৮৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পবিত্র স্ত্রীগণের মর্যাদা

الفصل الاول (بَابُ مَنَاقِبِ أَزْوَاجٍ)

### আরবী

وَعَن أَبِي سَلَمَة أَنَّ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا عَائِشُ هَذَا جَبْرِيلُ يُقْرِئُكِ السَّلَامَ» . قَالَتْ: وَعَلَيْهِ السَّلَامُ وَرَحْمَةُ النَّهِ. قَالَتْ: وَهُوَ يَرَى مَا لَا أَرَى مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3768) و مسلم (90 / 2447)، (6301) ـ مُتَّفَقُ عَلَيْهِ)

#### বাংলা

৬১৮৭-[8] আবৃ সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। আয়িশাহ্ (রাঃ) বলেন, (একদিন) রাসূলুল্লাহ (সা.) আমাকে বলেছেন, হে 'আয়িশাহ্! এই যে জিবরীল (আঃ) তোমাকে সালাম বলেছেন। আয়িশাহ্ (রাঃ) (জবাবে) বললেন, তাঁর ওপরও সালাম এবং আল্লাহর রহমত বর্ষিত হোক। আয়িশাহ্ (রাঃ) বলেন, যা আমি দেখতে পাই না, তিনি [অর্থাৎ আল্লাহর রাসূল (সা.)] তা দেখতে পান। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ৩৭৬৮, মুসলিম ৯১-(২৪৪৭), মুসনাদে আহমাদ ২৪৬১৮, সহীহুল জামি' ৭৯১৫, দারিমী ২৬৩৮, আল আদাবুল মুফরাদ ৮২৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকে বুঝা যায় যে, 'আয়িশাহ্ (রাঃ)-এর চেয়ে খাদীজাহ্ (রাঃ)-এর মর্যাদা বেশি। কেননা



খাদীজাহ্ (রাঃ)-কে জিবরীল আলাহিস সালাম জানিয়েছেন তার রবের পক্ষ থেকে। আর 'আয়িশাহ্ (রাঃ)-কে সালাম জানিয়েছেন জিবরীল (আঃ) নিজের পক্ষ থেকে। (মিরকাতুল মাফাতীহ; ফাতহুল বারী ৭ম খণ্ড, ১২৩ পূ., হা. ৩৭৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন